দৈনিক ইত্তেফাক

তারিখ ... 22 JUL 2016 ...
পৃষ্ঠা ...৩৫... কলাম ...৫......

# সখীপুরে ১০টি প্রাথমিক বিদ্যালয়ের ঝুঁকিপূর্ণ ভবনে ক্লাস করছে শিক্ষার্থীরা

■ মামুন হায়দার, সখীপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

টাঙ্গাইলের সখীপুর উপজেলার ১০টি প্রাথমিক বিদ্যালয়ের ঝুঁকিপূর্ণ ভবনে ক্লাস করতে বাধ্য হচ্ছেন তিন সহস্রাধিক কোমলমতি শিক্ষার্থী। জরাজীর্ণ ভবনগুলো যে কোনো সময় ভেঙে বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কা করছেন সংশ্লিষ্টরা। আতঙ্কের মধ্যে আছেন বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থীসহ অভিভাবকরা। ঝুঁকিপূর্ণ ভবনের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো হলো— বেতুয়, বহেড়াতৈল, গজারিয়া, লাংগুলিয়া, কালমেঘা, হতেয়া রাজাবাড়ি, ছোটমৌষা, ভুয়াইদ ভাতগড়া ও দক্ষিণ ঘোনারচালা সরকারি প্রাথমিক বিদ্যালয়।

বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী এবং অভিভাবকদের সাথে কথা বলে জানা গেছে, দীর্ঘদিনের পুরনো ও ফাটল ধরা ভবনগুলোতে আতঙ্কের মধ্যেই ক্লাস করছে শিক্ষার্থীরা। ভবনের বেশির ভাগ পিলার ও দেয়ালের পলেস্তারা খসে রড বেরিয়ে গেছে।

উপজেলার গজারিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা নূরজাহান আক্তার বলেন, শ্রেণিকক্ষ সংকটের কারণে ঝুঁকিপূর্ণ ভবনেই পাঠদান করা হচ্ছে। ভবন মেরামত করা অপরিহার্য হয়ে পড়েছে।

এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আমিনুল হক বলেন, বিদ্যালয়গুলোর ঝুঁকিপূর্ণ ভবন পরিদর্শন করে আমরা ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে ত্বরিত মেরামতের আবেদন করেছি।

উপজেলা প্রকৌশলী কাজী ফাহাদ কুদ্দুছ বলেন, বিদ্যালয়গুলোর মেরামত দ্রুত করার লক্ষ্যে প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করে মেরামত কাজের অগ্রাধিকার তালিকা সংশ্লিষ্ট দফতরে পাঠানো হয়েছে।